গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)
বোর্ড বাজার, গাজীপুর
www.bmtti.gov.bd

স্মারক : বিএমটিটিআই-১৫/দাপ্তরিক/প্রশা:/২০০৬/১০১৪ তারিখ : ১৪/১০/২০২১ খ্রি.

# বার্ষিক প্রতিবেদন (২০২০-২০২১)

## ভূমিকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট সারাদেশের মাদ্রাসা শিক্ষকগণের জন্য একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এখানে এবতেদায়ী থেকে শুরু করে সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষগণের জন্য প্রশিক্ষণ পরিচালিত হয়। শহরাঞ্চল থেকে শুরু করে প্রান্তিক জনপদের শিক্ষকগণও যেনো মাদ্রাসা শিক্ষাপ্রশাসন ও শিখন-শেখানো কার্যক্রমে কাঙ্ক্ষিত মান অর্জন করতে পারেন সে লক্ষ্যকে সামনে রেখেই বিএমটিটিআই সমস্ত কার্যক্রম পরিচালিত করে আসছে। তবে কোভিড-১৯ পরিস্থিতির কারণে ২০২০-২০২১ আর্থিক বছরের সামগ্রিক প্রশিক্ষণ কার্যক্রম ঝুঁকির মধ্যে পড়ে যায়। পরবর্তীতে প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধান ও যোগ্য নেতৃত্বে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে সে ঝুঁকি পুরোপুরিভাবে মোকাবেলা করা সম্ভব হয়। উল্লেখ্য, অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম বাংলাদেশে মাদ্রাসা শিক্ষার ইতিহাসে একটি অনন্য ঘটনা। প্রথমে ভাবা হয়েছিল, আইসিটি ও সুযোগ-সুবিধার দিক থেকে তুলনামূলক বিচারে পিছিয়ে পড়া মাদ্রাসা শিক্ষকগণ হয়তো অনলাইন প্রশিক্ষণের সাথে মানিয়ে নিতে পারবেন না কিন্তু সকল আশংকা অমূলক প্রমাণিত করে অত্যন্ত সফলতার সাথে আরবি ও ইংরেজি ভাষাশিক্ষা কোর্সসহ অন্যান্য কোর্স পরিচালিত হয়েছে। মাদ্রাসা শিক্ষার জন্য কোভিট মূলত আশীর্বাদ হয়ে এসেছে।

## ২. বিএমটিটিআই কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহের নাম

বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে আরবি, ইংরেজি ও গণিত এই তিনটি বিষয়কে মূল বিষয় হিসেবে বিবেচনা করা হয়েছে। বিষয়ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হলে বর্ণিত তিনটি মূল বিষয়ের সাথে অবশিষ্ট বিষয়গুলোর (বাংলা, রসায়ন, জীববিজ্ঞান, আল-কোরআন, সাধারণ বিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সমাজবিজ্ঞান) যেকোনো একটি নিয়ে মোট চারটি বিষয়ের সমন্বয়ে একটি প্রশিক্ষণ ব্যাচ গঠন করা হয়।

| ক্রমিক | প্রশিক্ষণ কোর্সের নাম | স্তরের নাম |
|---|---|---|
| ০১. | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স<br>(আরবি, ইংরেজি, গণিত, আল-কোরআন, বিজ্ঞান, বাংলা, ইসলামের ইতিহাস ও সমাজবিজ্ঞান) | দাখিল |
| ০২. | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, রসায়ন, জীববিজ্ঞান) | আলিম/ফাযিল |
| ০৩. | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | সুপার/সহ-সুপার |
| ০৪. | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স | |
| ০৫. | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | অধ্যক্ষ/উপাধ্যক্ষ |
| ০৬. | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স | |
| ০৭. | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | এবতেদায়ী প্রধান |
| ০৮. | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলা) | এবতেদায়ী |
| ০৯. | আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স | দাখিল/আলীম |
| ১০. | Improving English Language Skills for Madrasah Teachers | দাখিল/আলীম |

## ৩. প্রশিক্ষণ কার্যক্রমের বিবরণ

২০২০ সালে কয়েকটি প্রশিক্ষণ কোর্স অফলাইনে অনুষ্ঠিত হওয়ার পর করোনার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় তা বন্ধ হয়ে যায়। প্রশিক্ষণ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে পরবর্তীতে অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। অর্থবছর ২০২০-২০২১ মেয়াদে পরিচালিত শিক্ষাপ্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স, বিএমএড কোর্স, বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স ও ভাষা শিক্ষা প্রশিক্ষণ কোর্সসমূহে প্রশিক্ষণপ্রাপ্ত মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল **১৯৮৭** জন।

### ৩.১ বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | মেয়াদ | সংখ্যা | মোট | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ০১ | ২২তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ৩১/০১/২০২১-০৪/০২/২০২১ | ৬৪ | ৪৫৩ | ১৪৫৯ |
| ০২ | ২৩তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ৩১/০১/২০২১-০৪/০২/২০২১ | ৫৭ | | |
| ০৩ | ২৪তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ০৭/০২/২০২১-১১/০২/২০২১ | ৪৬ | | |
| ০৪ | ২৫তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ২৮/০২/২০২১-০৪/০৩/২০২১ | ৪৪ | | |
| ০৫ | ২৬তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ০৭/০৩/২০২১-১১/০৩/২০২১ | ২৭ | | |
| ০৬ | ২৭তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ৩০/০৫/২০২১-০৩/০৬/২০২১ | ৪৮ | | |
| ০৭ | ২৮তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ০৬/০৬/২০২১-১০/০৬/২০২১ | ৪৯ | | |
| ০৮ | ২৯তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ০৬/০৬/২০২১-১০/০৬/২০২১ | ৩৮ | | |
| ০৯ | ৩০তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ১৩/০৬/২০২১-১৭/০৬/২০২১ | ৪০ | | |
| ১০ | ৩১তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (এবতেদায়ি) | ১৩/০৬/২০২১-১৭/০৬/২০২১ | ৪০ | | |
| ১১ | ১৫৯তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (দাখিল) | ২৭/১২/২০২০-১৪/০১/২০২১ | ১০৯ | ৭২৭ | |
| ১২ | ১৬০তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (দাখিল) | ১৭/০১/২০২১-১১/০২/২০২১ | ১৫৬ | | |
| ১৩ | ১৬১তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (দাখিল) | ১৪/০২/২০২১-১১/০৩/২০২১ | ১৬৭ | | |
| ১৪ | ১৬২তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স, (দাখিল) | ১৪/০৩/২০২১-০৮/০৪/২০২১ | ১১৬ | | |
| ১৫ | ১৬৩তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স, (দাখিল) | ২৩/০৫/২০২১-১৭/০৬/২০২১ | ৪১ | | |
| ১৬ | ৪র্থ আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স (দাখিল) | ২৩/০৫/২০২১-২০/০৬/২০২১ | ৩৪ | | |
| ১৭ | ৫ম আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স (দাখিল) | ২৩/০৫/২০২১-২০/০৬/২০২১ | ৩৪ | | |
| ১৮ | ১ম ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স (দাখিল) | ২৩/০৫/২০২১-১৭/০৬/২০২১ | ৩৫ | | |
| ১৯ | ২য় ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স (দাখিল) | ২৩/০৫/২০২১-১৭/০৬/২০২১ | ৩৫ | | |
| ২০ | ৫২তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (প্রভাষক/সহ. অধ্যাপক) | ১৪/০২/২০২১-১১/০৩/২০২১ | ৪৯ | ১৭২ | |
| ২১ | ৮২তম বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (প্রভাষক/সহ. অধ্যাপক) | ১৪/০৩/২০২১-০৮/০৪/২০২১ | ২০ | | |
| ২২ | ১ম আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স (প্রভাষক) | ০১/০৪/২০২১-০৯/০৫/২০১ | ৩৮ | | |
| ২৩ | ২য় আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স (প্রভাষক) | ২৩/০৫/২০২১-২০/০৬/২০২১ | ৩১ | | |
| ২৪ | ৩য় আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স (প্রভাষক) | ২৩/০৫/২০২১-২০/০৬/২০২১ | ৩৪ | | |
| ২৫ | বিএমএড প্রশিক্ষণ কোর্স | ২০২০ শিক্ষাবর্ষ | ১০৭ | ১০৭ | |

### ৩.২ শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | মেয়াদ | সংখ্যা | মোট | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ০১ | ৭১তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (এবতেদায়ী প্রধান) | ৩০/০৫/২০২১-১০/০৬/২০২১ | ৪৪ | ১৪৯ | ৫২৮ |
| ০২ | ৭২তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (এবতেদায়ী প্রধান) | ০৬/০৬/২০২১-১৭/০৬/২০২১ | ৫২ | | |
| ০৩ | ৭৩তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (এবতেদায়ী প্রধান) | ২৮/০৬/২০২১-১০/০৭/২০২১ | ৫৩ | | |
| ০৪ | ৯২তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সুপার) | ১৭/০১/২০২১-০৪/০২/২০২১ | ৪০ | ২৭৮ | |
| ০৫ | ৯৩তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সুপার) | ১১/০৪/২০২১-২৯/০৪/২০২১ | ৫০ | | |
| ০৬ | ২৯তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী (সুপার) | ০৬/০৬/২০২১-১০/০৬/২০২১ | ৩৫ | | |
| ০৭ | ৩০তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী (সুপার) | ১৩/০৬/২০২১-১৭/০৬/২০২১ | ৫৫ | | |
| ০৮ | ৩১তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী (সুপার) | ২২/০৬/২০২১-২৮/০৬/২০২১ | ৪৬ | | |
| ০৯ | ৩২তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী (সুপার) | ২২/০৬/২০২১-২৮/০৬/২০২১ | ৫২ | | |
| ১০ | ৬২তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (অধ্যক্ষ) | ১৪/০৩/২০২১-০১/০৪/২০২১ | ৩৫ | ১০১ | |
| ১১ | ৬৩তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (অধ্যক্ষ) | ২৩/০৫/২০২১-১০/০৬/২০২১ | ৩৮ | | |
| ১২ | ১৪তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী (অধ্যক্ষ) | ১৩/০৬/২০২১-১৭/০৬/২০২১ | ২৮ | | |

### ৩.৩ একনজরে প্রশিক্ষণপ্রাপ্ত মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | মোট | **অর্থবছর** | প্রশিক্ষণপ্রাপ্ত মোট প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|---|
| ০১ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স | ১৩৫২ জন | **২০২০-২০২১** | ১৯৮৭ জন |
| ০২ | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ৫২৮ জন | | |
| ০৩ | বিএমএড প্রশিক্ষণ | ১০৭ জন | | |

### ৪. অধ্যক্ষের বাসভবন মেরামত

অধ্যক্ষের বাসভবনটি 'মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট' স্থাপন প্রকল্পের আওতায় ২০০০ সালে নির্মিত হয়। হস্তান্তরের পর থেকে প্রায় বিগত ২১ বছরে কোনো অধ্যক্ষ সেখানে বসবাস করেননি। দীর্ঘদিন যাবত ভাঙ্গা আসবাবপত্র, জানালার গ্রিল, নষ্ট ফ্যান, পুরানো কার্পেট, হোস্টেলে ব্যবহার অনুপযোগী চাদর, বালিশ, মশারি, তোষক, গাড়ির টায়ার, পুরানো কার্পেট, নষ্ট জেনারেটর, নষ্ট রেফ্রিজারেটর, ভাঙ্গা স্যানিটারি ইত্যাদি জিনিসপত্র বাসভবনের মধ্যে ডাম্পিং করে রাখা হয়েছিল। সেখানে ভূতরে পরিবেশ সৃষ্টি করা হয়েছিল। ফলে ভয়ে বাসভবনের আশেপাশে কেউ যেত না। বর্তমান অধ্যক্ষ ভবনটি পরিস্কার-পরিচ্ছন্ন করার জন্য একটি কমিটি গঠন করেন। পরবর্তীতে ১৬১তম মাসিক সমন্বয় সভার ১৪ নম্বর সিদ্ধান্ত মোতাবেক ভবন থেকে বর্ণিত মালামাল অপসারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। বিএমটিটিআই এর ৪০তম বোর্ড অব গভর্ণরস সভার সিদ্ধান্ত এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের প্রত্যক্ষ নির্দেশনায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বর্তমানে বাসাটি মেরামত করছে। আশা করা যায় অচিরেই বাসাটি বসবাসের জন্য হস্তান্তর করা হবে। এটি একটি যুগান্তকারী পদক্ষেপ। কারণ অধ্যক্ষ ও হোস্টেল সুপার না থাকায় একটি কমিটির মাধ্যমে হোস্টেল পরিচালিত হতো। কমিটির সম্মানি বাবদ হোস্টেল ফান্ড থেকে খরচ হতো ২৫০০০ (পঁচিশ হাজার) টাকা। টাকা খরচ হলেও প্রতিষ্ঠানের তেমন লাভ হয়নি। কারণ তখন কেউ ক্যাম্পাসে অবস্থান করেননি। বন্ধের দিনগুলোতে ক্যাম্পাস একেবারেই অরক্ষিত থাকতো। অপরদিকে বাসাভাড়া বাবদ সরকার ন্যূনপক্ষে মাসিক ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা হারে রাজস্ব থেকে বঞ্চিত হয়েছে। তাছাড়া বাসায় বসবাস না করলে বাসার আয়ুষ্কালও কমে যায়। সার্বিক বিবেচনায় এটি একটি চমৎকার সিদ্ধান্ত। তবে স্বাস্থ্য ঝুঁকির বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমানে চারপাশের কারখানার দূষণ কমানোর পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

### ৫. হোস্টেল সুপারের বাসভবন মেরামত

'মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট' স্থাপন শীর্ষক প্রকল্প শেষ হওয়ার পর প্রশিক্ষণ কার্যক্রম শুরুর প্রাক্কালে ০১ সেপ্টেম্বর ২০০২ তারিখে হোস্টেল সুপার ও সহকারী সুপার নিয়োগ দেওয়া হয়। সে নিয়োগের ধারাবাহিকতা ২৩ জুন ২০১৪ তারিখ পর্যন্ত অব্যাহত থাকে। যেসব কর্মকর্তা সেসময়ের মধ্যে হোস্টেল সুপার/সহকারী সুপারের দায়িত্ব পালন করেছেন তাঁরা সকলেই বিধি-মোতাবেক বাসাভাড়া কর্তন করেন। উল্লেখ্য, ২০১৩-২০১৪ সালের দিকে অধ্যক্ষ ও হোস্টেল সুপারের বাসভবনের আশেপাশে অনেকগুলো শিল্প-কারখানা গড়ে উঠে। সেখানে (বাসভবনের পাশে) ২/৩টি বড় বড় জেনারেটর স্থাপিত হয়। ফলে শব্দদূষণ ও বায়ুদূষণ অসহনীয় মাত্রায় বেড়ে যায়। সে প্রেক্ষিতে কোনো কর্মকর্তা হোস্টেল সুপারের বাসভবনে বসবাস করতে আগ্রহী না হওয়ায় বিষয়টি বিএমটিটিআই-এর বোর্ড অব গভর্নরস এর ৩০তম ও ৩১তম সভায় আলোচনা হয়। তখন থেকে বিওজি এর সিদ্ধান্তের আলোকে কো-অর্ডিনেশন কমিটি দ্বারা হোস্টেল পরিচালিত হয়ে আসছে । তাই জুলাই-২০১৪ সাল থেকে হোস্টেল সুপার/সহকারী সুপার হিসেবে কেউ দায়িত্ব পালন করেননি। তবে প্রতিষ্ঠানের স্বার্থে একজনকে হোস্টেল সুপারের দায়িত্ব দেওয়া হয়েছে। তিনি বর্তমানে সেখানে বসবাস করছেন।

### ৬. সেশন উপস্থাপন ও পরিশোধন

বিগত অক্টোবর (২০২০) মাস থেকে প্রত্যেক অনুষদ সদস্য তাঁর নিজের সবচেয়ে ভালো অধিবেশনটি সকল অনুষদের সামনে উপস্থাপন করেন। উপস্থাপন শেষে অধ্যক্ষসহ সকলের ফিডব্যাকের ওপর ভিত্তি করে তিনি তাঁর সেশনটি পরিশোধন ও পরিমার্জনের কাজ করছেন। এতে অনুষদ সদস্যগণের উপস্থিতি, আগ্রহ ও আত্মবিশ্বাস বেড়েছে।

### ৭. স্টোররুম স্থানান্তর ও মালামালের চাহিদা নিরূপণ

বিএমটিটিআই এর খাতভিত্তিক মালামাল চাহিদা নিরূপণের জন্য গত তিন অর্থবছরে (২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০) ক্রয়কৃত দ্রব্যাদি ও মালামালের তালিকার ভিত্তিতে ২০২০-২০২১ অর্থবছরে মালামাল ক্রয়ের চাহিদা নিরূপণ ও বাজারদর যাচাইয়ের জন্য পাঁচ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। স্টোররুমে রক্ষিত মালামালের তালিকা প্রস্তুত করা হয়েছে এবং সেগুলো পাশের বড় রুমে স্থানান্তরের প্রক্রিয়া চলমান।

### ৮. অনলাইন আরবি ও ইংরেজি স্পোকেন কোর্স চালুকরণ

কোভিড-১৯ পরিস্থিতিতে সারাদেশের মাদ্রাসা শিক্ষকগণের জন্য অনলাইনে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। আমরা একযুগ ধরে ইংরেজি ও আরবি শিখি কিন্তু তা ঠিকমতো শুনে বুঝিনা বা বলতেও পারিনা। এটি আমাদের জন্য লজ্জার। প্রত্যেক ভাষার নিজস্ব একটি শক্তি আছে। ভাষা একজন মানুষের শারীরিক ভাষাও বদলে দেয়। আমরা সবসময়ই বলি, আরবি আল্লাহ তা'আলার ভাষা। আরবি জান্নাতের ভাষা। অথচ শোনা ও বলার দক্ষতায় সাধারণ শিক্ষার আরবি আর মাদ্রাসা শিক্ষায় ইংরেজিতে আমরা অত্যন্ত দুর্বল। মারমুখী প্রতিযোগিতার যুগে অন্যদেশের তুলনায় আমরা প্রতিনিয়ত পিছিয়ে পড়ছি। আরবি ভাষাভাষি দেশসমূহে শ্রমবাজার আমাদের নাগালের বাইরে চলে যাচ্ছে। শুধুমাত্র ভাষা না জানার কারণে আমাদের প্রবাসীগণ বেতন অনেকগুণ কম পান। এতে দেশ বিপুল পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়া ভাষাশিক্ষা মর্যাদার প্রতীক। ভাষা জ্ঞানের বাহন ও জীবীকা নির্বাহের প্রতীক। দুটো ভাষার সঠিক চর্চা দেশকে বদলে যেতে পারে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সম্মানিত সচিব মহোদয় বিষয়টি গভীরভাবে অনুধাবন করেছেন। তিনি স্বপ্নদ্রষ্টা মানুষ। তাঁর প্রত্যক্ষ তত্ত্বাবধানে বিএমটিটিআই এক মাসব্যাপী ভাষাশিক্ষা প্রশিক্ষণ কোর্স

চালু করেছে। এটি মাদ্রাসা শিক্ষার ইতিহাসে একটি মাইলফলক। বিস্তর আলাপ-আলোচনা শেষে এর কোর্স-কারিকুলাম প্রস্তুত করা হয়েছে। বর্তমানে অত্যন্ত সফলতার সাথে কোর্স দুটি চলমান রয়েছে।

## ৯. পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধন কার্যক্রম

- দীর্ঘদিন পানির ট্যাংক পরিষ্কার করা হয়নি। করোনাকালে প্রশিক্ষণার্থীদের অনুপস্থিতিতে ৩১টি পানির ট্যাংক ও রিজার্ভ ট্যাংক পরিষ্কার করে জীবাণুমুক্ত করা হয়েছে
- দূর্ঘটনা ঘটতে পারে সে আশংকা থেকে দীর্ঘদিনযাবত পরিত্যক্ত দু'টি টিউবওয়েলের পাইপ উত্তোলন করা হয়েছে
- কোভিড-২০১৯ উপলক্ষে সচেতনতা বৃদ্ধি ও স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য বিভিন্ন ব্যানার, ফেস্টুন তৈরি করে ক্যাম্পাসের বিভিন্ন স্থানে স্থাপন করা হয়। প্রবেশগেটে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে
- ক্যাম্পাসের অভ্যন্তরে সীমানা প্রাচীর বরাবর প্রচুর আগাছা-ময়লা আর্বজনা ছিল। তাছাড়া প্রশাসনিক ভবনের পিছনে ড্রেনের অবস্থা অত্যন্ত শোচনীয় পর্যায়ে ছিল যা পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। তবে এখনও কিছু জায়গা অবশিষ্ট আছে
- জাতীয় দিবসসমূহে ক্যাম্পাস সাজাতে দন্ডসহ ফেস্টুনের ব্যবস্থা করা হয়েছে
- ফলদান শেষে সকল বৃক্ষের ডালপালা ছাটাইয়ের কাজ সম্পন্ন হয়েছে
- নতুন ঘাসকাটা মেশিন ও ভ্যাকুয়াম ক্লিনার ক্রয় করা হয়েছে
- খেলার মাঠ, ফুলবাগান রক্ষা ও জু'মার দিনে অতিরিক্ত মুসল্লির চাপ সামলাতে মসজিদের ছাদে অস্থায়ীভাবে নামাজের ব্যবস্থা করা হয়।
- মেইনগেট ও মসজিদের মাঝামাঝি স্থানে দীর্ঘদিনের পরিত্যক্ত একটি পানির ট্যাংক টাইলস দিয়ে সাজানো হয়েছে। ক্যাম্পাসের সৌন্দর্য বৃদ্ধির জন্য সেখানে একটি ফোয়ারা নির্মিত হবে
- অনুষ্ঠান চলাকালে অডিটরিয়ামে প্রায়ই শব্দবিভ্রাট ঘটতো। সে সমস্যা দূরীকরণে ভালোমানের ৮টি সাউন্ডবক্স স্থাপন করা হয়েছে
- জাতীয় বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে ১৫ জুন ২০২১ তারিখে শিক্ষা প্রতিষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এম.পি. বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন। সে অনুষ্ঠানের ধারাবাহিকতায় একই দিনে বিএমটিটিআই ক্যাম্পাসে তিনটি ওষধি ও ফলজ বৃক্ষের চারা রোপন করা হয়
- হোস্টেলের জন্য জরুরিভিত্তিতে একটি সাবমার্সিবল পাম্প ক্রয় করা হয়েছে
- প্রশাসনিক ভবনের পাঁচতলার পশ্চিম পাশে রোডের ধারে বিএমটিটিআই নামাংকিত নিয়ন সাইন স্থাপন করা হয়েছে। এখন অনেক দূর থেকে সহজেই বিএমটিটিআই প্রতিষ্ঠানটি সাধারণ মানুষের চোখে পড়ে।

## ১০. বুদ্ধিবৃত্তিক কার্যক্রম

| | | |
|---|---|---|
| ১০.১ | নিয়োগবিধি সংশোধন | বিএমটিটিআই এর সংশোধিত নিয়োগবিধির প্রজ্ঞাপন জারি হয়েছে যা 'বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট নিয়োগ বিধিমালা ২০২১' নামে অভিহিত। এ নিয়োগবিধির প্রজ্ঞাপন জারির ফলে আউটসোর্সিং-সহ ১১ পদে জনবল নিয়োগের বাধা দূর হলো। কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মহোদয়ের নিবিড় তত্ত্বাবধানে অত্যন্ত স্বল্পতম সময়ের মধ্যে এই কঠিন কাজটি সম্পন্ন হয়েছে (এস.আর.ও. নং-৯১-/আইন/২০২১-সরকারি চাকুরি আইন ২০১৮, ৫৭ নং আইন) |
| ১০.২ | ম্যানুয়াল সংশোধন | বর্তমানে আরবি, ইংরেজি ও গণিত বিষয়ের ম্যানুয়ালের হালনাগাদকরণের কাজ চলমান। পর্যায়ক্রমে অন্যান্য বিষয়ের ম্যানুয়ালের কাজ শুরু করা হবে। তবে ইতোমধ্যে মন্ত্রণালয়ের সহযোগিতায় প্রশাসনিক কোর্সসহ অন্যান্য কোর্সের কন্টেন্টসসমূহ কিছুটা পরিশোধন করা হয়েছে। |
| ১০.৩ | অনলাইন বিএমএড প্রশিক্ষণ কোর্স | বিএমটিটিআই কর্তৃক পরিচালিত ২০২০ শিক্ষাবর্ষের বিএমএড প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম কার্যক্রম অনলাইনে চালু আছে। |
| ১০.৪ | নিয়োগ কার্যক্রম সম্পাদন | বিএমটিটিআই এর ৩টি পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। তবে ৩ জনের মধ্যে ২ জন কাজে যোগদান করেছেন। বিএমটিটিআই এর ইতিহাসে এই প্রথম উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে স্বল্পতম সময়ে অত্যন্ত স্বচ্ছতার মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়। |

## ১১. মহান বিজয় দিবস উদযাপন

৪৯তম মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বিএমটিটিআই ক্যাম্পাসকে বর্ণাঢ্য আলোকসজ্জায় সজ্জিত করা হয় যা অতীতের যেকোনো সময়ের চেয়ে অত্যন্ত আকর্ষণীয় ও মনোমুগ্ধকর ছিল। তাছাড়া বিএমএড প্রশিক্ষণার্থীদের জন্য নিম্নবর্ণিত অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়:

- 'বঙ্গাবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ক ক্যুইজ প্রতিযোগিতা
- দেশাত্ববোধক ও মুক্তিযুদ্ধ বিষয়ক গান
- রফিক আজাদের 'এই সিঁড়ি' কবিতার আবৃত্তি
- রচনা প্রতিযোগিতা

উল্লেখ্য, মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জাতীয় সমৃদ্ধি অর্জন' বিষয়ের ওপর আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত বিষয়বস্তুর ওপর একটি ধারণাপত্রও উপস্থাপন করা হয়।

**১২.  সহিংসতা ও চরম্পন্থা মোকাবেলায় কর্মশালা**





বাংলাদেশ পুলিশের সন্ত্রাস দমন ও আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধ কেন্দ্র নির্মাণ প্রকল্পের অর্থায়নে বিএমটিটিআই অডিটরিয়ামে 'সহিংসতা ও চরমপন্থা মোকাবেলায় মাদ্রাসা শিক্ষকগণের ভূমিকা' বিষয়ক দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম মন্ত্রণালয়ের সম্মানিত সচিব  ড. মো. নুরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে থেকে অনুষ্ঠানকে গৌরাবান্বিত করেছেন। বিএমটিটিআই এর অনুষদ সদস্য ও বিভিন্ন কোর্সের প্রশিক্ষণার্থী মিলে প্রায় ২৫০ জন উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

**১৩. আম্রছায়া**



বিএমটিটিআই এর মাঠের উত্তর পাশে রাস্তার ধারের আমগাছের নিচের জায়গাটি বেশ ঠান্ডা ও ছায়াযুক্ত। উচুঁ জায়গাটি স্যাঁতসেঁতে ও সবসময় নোংরা থাকতো। সে জায়গাটি সংস্কার করার পর টাইলস লাগিয়ে চমৎকার একটি বসার জায়গা করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে এখানে প্রশিক্ষণার্থীগণ দলগত কাজও করতে পারবেন। এস্থানটি কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণের একঘেঁয়েমী দূর করতে সহায়ক হবে। তাছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের জন্য বিএমটিটিআই ক্যাম্পাসে তেমন ব্যবস্থা নেই। এ স্থানটি সে পবিত্র কাজে ব্যবহার করা হবে।

**১৪. লাইব্রেরি স্থানান্তর ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন**



প্রশিক্ষণার্থীগণের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দিতে ও বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত করতে লাইব্রেরির এক কর্ণারে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন করা হয়েছে। সেখানে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের ওপর রচিত অসংখ্য বই ও দুর্লভ ছবি সংযোজন করা হয়েছে। বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণারটি অত্যন্ত দৃষ্টিনন্দন ও মনোমুগ্ধকর যা প্রশিক্ষণার্থীদের বঙ্গবন্ধুর আদর্শ, জীবনাচারণ, রাজনৈতিক দর্শন, নেতৃত্বগুণ ও মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানাতে সহায়ক হবে। লাইব্রেরির ২৩ হাজার বইয়ের মধ্যে প্রায় দশ হাজার বই মেঝেতে পড়েছিল। তাই যোগদানের পর তাৎক্ষণিকভাবে ১২টি বইয়ের তাক ক্রয়ের ব্যবস্থা করা হয়। সেখানে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনে স্থান সংকুলান না হওয়ায় প্রশাসনিক ভবনের তিনতলা থেকে টিকিউআই ভবনের তিনতলায় লাইব্রেরি স্থানান্তর করা হয়। তাছাড়া প্রশিক্ষণার্থীদের লাইব্রেরিতে বসে পড়ার মতো পর্যাপ্ত জায়গা ছিল না। লাইব্রেরি অটোমেশনসহ আরো আপগ্রেড করার পরিকল্পনা আছে।

১৪/১০/২০২১

(মো: বেলায়েত হোসেন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
বোর্ডবাজার, গাজীপুর